



সেপ্টেম্বর 2018

প্রিয় পিতামাতা/ অভিভাবক,

স্কুল হেলথ ভিসন প্রোগ্রাম (School Health Vision Program) প্রত্যেক বছর আপনাদের স্কুলের প্রি-কিন্ডারগার্টেন, কিন্ডারগার্টেন এবং প্রথম গ্রেডের বাচ্চাদের দৃষ্টিশক্তি পরীক্ষা করে থাকে। আপনার বাচ্চা দু'চোখেই ভালো দেখতে পায় কিনা তা আমরা পরীক্ষা করি।

আপনার বাচ্চা দৃষ্টিশক্তি পরীক্ষাতে ফেল করলে:

- আমরা আপনাকে E12S Eye Report and Recommendation (E12S আই রিপোর্ট এবং সুপারিশ) ফর্ম পাঠাবো।\*
- অনুগ্রহ করে আপনার বাচ্চা ও ফর্মটিকে একজন চোখের ডাক্তারের কাছে নিয়ে যান।
- আপনার ডাক্তার যদি মনে করেন যে আপনার বাচ্চার চিকিৎসার প্রয়োজন আছে, তাহলে তাকে দিয়ে ফর্মটি পূরণ করান।
- পূরণ করা ফর্মটি প্রদত্ত খামে করে আমাদের ফেরত পাঠান, যাতে আমরা জানতে পারি যে আপনার বাচ্চার চোখ পরীক্ষা করা হয়েছে।

প্রতি বছর আপনার বাচ্চাকে একজন চোখের ডাক্তার দেখানো জরুরি। আপনার বাচ্চার চোখের কোনো গুরুতর সমস্যা থাকলে, চিকিৎসার ফলে সারাজীবনের দৃষ্টিশক্তির সমস্যা প্রতিরোধ করা যেতে পারে। **30 টি বাচ্চার মধ্যে প্রায় 1 টি বাচ্চার এমরায়োপিয়া (অলস চোখ) নামে একটি চোখের অসুখ আছে। 8 বা 9 বছরের মধ্যে এমরায়োপিয়ার চিকিৎসা না করা হলে, গুরুতর দৃষ্টিহীনতা বা একটি চোখে অন্ধত্ব পর্যন্ত হতে পারে।**

আপনার বাচ্চা দৃষ্টিশক্তির পরীক্ষাতে ফেল করলে, অনুগ্রহ করে উপরের নির্দেশাবলী অনুসরণ করুন। দৃষ্টিশক্তির সমস্যার চিকিৎসা করানো বাচ্চাদের দৃষ্টিশক্তির সমস্যার চিকিৎসা না করানো বাচ্চাদের থেকে স্কুলে তুলনামূলক ভালো ফল করার সম্ভাবনা থাকে।

আপনার বাচ্চার চোখের দৃষ্টিকে সুরক্ষিত করুন এবং তাদের একটি উজ্জ্বল ভবিষ্যতের উন্নততর সুযোগ প্রদান করুন!

বিনীত,

Roger Platt

Roger Platt, MD  
সহকারী কমিশনার এবং ডিরেক্টর  
অফিস অফ স্কুল হেলথ  
(Office of School Health)



\* অনলাইনে ফর্মটি অ্যাক্সেস করতে, [schools.nyc.gov](https://schools.nyc.gov) দেখুন এবং "eye report form" (চোখের রিপোর্টের ফর্ম) এর জন্য অনুসন্ধান করুন।